



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।

স্মারক নং: নওগাঁ/নসক/১৪

তারিখ: ১৬/১১/২০১৪ খ্রি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কলেজের একাডেমিক কার্যক্রম-এর উন্নয়ন, সম্প্রসারণ ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে ২৭/১০/২০১৪ খ্রি. একাডেমিক কাউন্সিলের ৪৯ তম সভার আলোচ্য সূচীর ৪ নং বিষয়ের উপর আলোচনাস্তে বিদ্যমান রুটিন সংস্কার করে নতুন রুটিন প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। তদনুযায়ী নতুন রুটিন প্রণয়ন ও সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত এই প্রথম কলেজের অনার্স ও মাস্টার্স টিচিং বিভাগসমূহের (বিজ্ঞান বিষয়সমূহ ব্যতিত) জন্য এক/একাধিক কক্ষ বরাদ্দ করা হলো।

বিভাগওয়ারী বরাদ্দকৃত কক্ষগুলিতে ক্লাসসমূহ প্রদর্শন করে নতুনভাবে কেন্দ্রীয় রুটিন প্রণয়ন করা হলো। প্রসঙ্গত উল্লেখ্য যে, ইতোপূর্বে বিদ্যমান ভৌত অবকাঠামোতেই বা পূর্বের অবস্থাতেই নতুন রুটিনে সকল বিভাগে অনার্স ও মাস্টার্স পর্যায়ে পূর্বের রুটিনের তুলনায় অনেক বেশী সংখ্যক ক্লাস গ্রহণের সুযোগ তৈরী করা সম্ভব হয়েছে যা অত্র কলেজের শিক্ষার্থীদের চাহিদা অনেকখানি পূরণে সক্ষম হবে এবং তা শিক্ষার সার্বিক পরিবেশের মানোন্নয়নে কাজিত অবদান রাখতে পারবে। রুটিনে একাডেমিক পরিবেশ উন্নয়নের সুযোগকে কাজে লাগানোর সাথে সাথে তা বাস্তবায়নে শিক্ষক ও শিক্ষার্থীদের নিষ্ঠা ও যত্নের সাথে দায়িত্বশীল ভূমিকা পালন করা অত্যন্ত জরুরি।

এমতাবস্থায় বিভাগ সমূহ বরাদ্দকৃত কক্ষগুলি ব্যবহারের সর্বাধিক সুযোগকে কাজে লাগিয়ে কেন্দ্রীয় রুটিনে প্রদর্শিত এইচএসসি, ডিগ্রি (পাশ), অনার্স ও মাস্টার্স ক্লাসসমূহসহ অবশিষ্ট অন্যান্য বিদ্যমান শূন্য কক্ষে ক্লাস গ্রহণের বিষয়টি রুটিনে প্রদর্শন করে স্ব-স্ব বিভাগের জন্য আলাদা নতুন রুটিন ২৫/১১/২০১৪ তারিখের মধ্যে প্রণয়নপূর্বক নিম্নস্বাক্ষরকারীর নিকট জমাদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। বিদ্যমান বাস্তবতার আলোকে আরো উল্লেখ্য যে, যে সব বিভাগে শিক্ষক সংখ্যা অপ্রতুল সেই সব বিভাগের সম্মানীত বিভাগীয় প্রধানগণ কলেজ কর্তৃপক্ষের সাথে আলোচনা করে শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র মোতাবেক দ্রুত অতিথি শিক্ষক নিয়োগ করে নতুন রুটিন অনুযায়ী ক্লাস নেয়ার ব্যবস্থা গ্রহণ করবেন।

পরবর্তিতে বিভাগ সমূহ প্রণীত রুটিন পুনরায় পর্যালোচনাস্তে কোন ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হলে তা সংশোধন ও পরিমার্জন করে চূড়ান্তভাবে নতুন রুটিন প্রণয়ন করা হবে এবং দ্বাদশ ও ডিগ্রি (পাশ) নির্বাচনি পরীক্ষা শেষে চূড়ান্ত রুটিন ০২/১২/২০১৪ খ্রি. থেকে পূর্ণাঙ্গভাবে বাস্তবায়িত হবে। কোন শিক্ষক ছুটিতে থাকলে বা অন্য কোন কারণে ক্লাস গ্রহণে ব্যর্থ হলে বিভাগীয় প্রধান বা ঐ সময়ে বিভাগের দায়িত্বে নিয়োজিত সিনিয়র শিক্ষক ক্লাস নেয়ার ব্যবস্থা করার প্রয়োজনীয় দায়িত্ব পালন করবেন।

এছাড়া, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী একাডেমিক ক্যালেন্ডার প্রস্তুতের ক্ষেত্রে এই রুটিনকে ভিত্তি হিসেবে বিবেচনা করা যেতে পারে। সকল বর্ষের সকল বিষয়ের সকল কোর্সের সিলেবাস অনুযায়ী মোট গৃহীতব্য ক্লাসসমূহের সংখ্যা, বিষয় ও কোর্স ভিত্তিক প্রত্যেক শিক্ষক সপ্তাহে কয়টি করে ক্লাস গ্রহণ করবেন এবং মোট কতটি ক্লাস গ্রহণের দ্বারা একটি কোর্স সম্পন্ন হবে, বিভাগ ভিত্তিক ও শ্রেণীভিত্তিক তার একটি পরিসংখ্যান প্রণয়ন করে তা রুটিনের সাথে উপস্থাপনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। অর্থাৎ বিভাগওয়ারী একাডেমিক কার্যক্রম পরিচালনার পরিকল্পনা করে তা কলেজ কর্তৃপক্ষ এর নিকট উল্লেখিত সময়ের মধ্যে প্রদান করতে হবে।

সর্বোপরি এইসব বিষয়ে বিভাগীয় প্রধানগণসহ শিক্ষকবৃন্দের দায়িত্বশীল ভূমিকা অত্র কলেজের শিক্ষার পরিবেশ উন্নয়নে ও শিক্ষকদের পেশাগত দক্ষতা অর্জনে সহায়ক হবে। বিধায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে বিভাগীয় রুটিন প্রণয়ন ও এতদসংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম সম্পাদনের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

(প্রফেসর ড. মোঃ মোস্তাফিজার রহমান)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।

বিতরণ:

- ১। সকল বিভাগীয় প্রধান
- ২। প্রোগ্রামার (পুরাতন রুটিনসহ কলেজ ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৩। অফিস নথি।

সংযুক্তি:

- ১। বিভাগওয়ারী কক্ষ বন্টনের তালিকা
- ২। নতুন রুটিন।